

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

স্মারক নং-১৮.১৪.০১৫৮.১১৫.০৯.০০৩.২৫-

তারিখ ১২/০৩/২০২৫ খ্রিঃ

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোংলা পোর্ট পৌরসভা কর্তৃক “মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনাল” ও ট্রাক টার্মিনাল সংলগ্ন সকল স্থাপনার ১৪/০৪/২০২৫ খ্রিঃ তারিখ থেকে ১৩/০৪/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) সনা মেয়াদে ইজারা বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং মোংলা পোর্ট পৌরসভার মধ্যে “মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনালের” আয় ব্যয় নিয়ে জটিলতা থাকায় “মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনাল” ও ট্রাক টার্মিনাল সংলগ্ন সকল স্থাপনার ইজারা প্রদান বন্ধ রাখার জন্য মোংলা পোর্ট পৌরসভাকে পত্র প্রেরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে “মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনাল” ও ট্রাক টার্মিনাল সংলগ্ন সকল স্থাপনার ইজারায় অংশগ্রহণ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



ক্যাপ্টেন মোহাম্মদ শফিকুল ইসলাম
পরিচালক (প্রশাসন) (অঃ দাঃ)
মোংলা বন্দর কর্তৃপক্ষ